তারিখ: ১৯ জুন ২০২৫

## বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস)

৬৮/২, পুরানা পল্টন, ঢাকা-১০০০

### বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস)-এর বাস্তবায়িত কার্যক্রমের তথ্য:

| ক্রমিক | বাস্তবায়িত কার্যক্রমের নাম | কার্যক্রম গ্রহণের তারিখ | বাস্তবায়িত কার্যক্রমের সংখ্যা | বাস্তবায়িত কার্যক্রমের বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১. | "গণঅভ্যুত্থানের গাথা-বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে আত্মদানের গল্প" শিরোনামে মানবিক প্রতিবেদন তৈরি | ২১ আগস্ট ২০২৪ | ১টি | বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস) থেকে বৈষম্যবিরোধী ছাত্র-জনতার গণঅভ্যুত্থান সম্পর্কিত সকল সংবাদ, ছাত্র আন্দোলন ও গণঅভ্যুত্থানে শহীদ ও আহতদের সংবাদ সংগ্রহপূর্বক "গণঅভ্যুত্থানের গাথা-বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে আত্মদানের গল্প" শিরোনামে মানবিক প্রতিবেদন তৈরি করে নিয়মিত প্রচারের কাজ চলমান রয়েছে।<br>গত ২১ আগস্ট ২০২৪ থেকে ১৮ জুন ২০২৫ পর্যন্ত সময়ে সংস্থা থেকে এবিষয়ে বাংলায় ৫৬৬টি ও ইংরেজিতে ২৯৩টিসহ মোট **৮৫৯টি** সংবাদ সংগ্রহ করে প্রতিবেদন আকারে প্রচার করা হয়েছে। | |
| ০২. | বিগত আওয়ামীলীগ সরকারের ২০০৯-২০২৪ সাল পর্যন্ত দুর্নীতি, অনাচার, দমন-পীড়ন, মানবতাবিরোধী অপরাধ, সাম্প্রতিক হত্যাযজ্ঞ ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত করে সংবাদ প্রচার | ২১ আগস্ট ২০২৪ | ১টি | বিগত আওয়ামীলীগ সরকারের ২০০৯-২০২৪ সাল পর্যন্ত দুর্নীতি, অনাচার, দমন-পীড়ন, মানবতাবিরোধী অপরাধ, সাম্প্রতিক হত্যাযজ্ঞ ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত করে অদ্যাবধি **১৫০০ এর অধিক** সংবাদ সংগ্রহ করে প্রচার করা হয়েছে এবং এবিষয়ে সংবাদ প্রচারের কাজ চলমান রয়েছে। | |
| ০৩. | অন্তবর্তীকালীন সরকারের ১০০ দিনের সাফল্য নিয়ে বিভিন্ন মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টাদের সাক্ষাৎকার গ্রহণপূর্বক বাসস থেকে বিশেষ প্রতিবেদন প্রচার | নভেম্বর, ২০২৪ | ১টি | অন্তবর্তীকালীন সরকারের ১০০ দিনের সাফল্য নিয়ে বিভিন্ন মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টাদের সাক্ষাৎকার গ্রহণপূর্বক বাসস ইংরেজিতে **২৭টি** ও বাংলায় **২২টি**সহ মোট **৪৯টি** বিশেষ প্রতিবেদন প্রচার করেছে। | |
| ০৪. | বাসস'র ওয়েবসাইটে "তারুণ্যের উৎসব-২০২৫" বাংলা শিরোনামে ও"Festival of Youth-2025" ইংরেজি শিরোনামে তারুণ্যের উৎসব ও তরুণ উদ্যোক্তা বিষয়ে বাসস থেকে প্রতিবেদন তৈরি করে প্রচার | ০৬ জানুয়ারি ২০২৫ | ১টি | বাসস'র ওয়েবসাইটে "তারুণ্যের উৎসব-২০২৫" বাংলা শিরোনামে ও"Festival of Youth-2025" ইংরেজি শিরোনামে নতুন একটি ট্যাব খোলা হয়েছে। তারুণ্যের উৎসব ও তরুণ উদ্যোক্তা বিষয়ে বাসস থেকে **৫৩৮টি** প্রতিবেদন তৈরি করে প্রচার করা হয়েছে। এই প্রচার কার্যক্রম চলমান রয়েছে। | |
| ০৫. | সারা দেশের শিক্ষা, কৃষি, গ্রন্থাগার, প্রযুক্তি, সংস্কৃতি বিষয়ে তরুণদের উদ্যোগ, ক্রীড়া উদ্যোগ ও ক্রীড়া ক্ষেত্রের উদীয়মান ক্রীড়াবিদদের সংবাদ, পর্যটন কেন্দ্র ও পর্যটন উদ্যোগ, দেশের ক্রীড়াঙ্গন ও ক্রীড়া অবকাঠামো নিয়ে বাসস থেকে সংবাদ প্রচার | ০৮ জানুয়ারি ২০২৫ | ১টি | সারা দেশের শিক্ষা, কৃষি, গ্রন্থাগার, প্রযুক্তি, সংস্কৃতি বিষয়ে তরুণদের উদ্যোগ, ক্রীড়া উদ্যোগ ও ক্রীড়া ক্ষেত্রের উদীয়মান ক্রীড়াবিদদের সংবাদ, পর্যটন কেন্দ্র ও পর্যটন উদ্যোগ, দেশের ক্রীড়াঙ্গন ও ক্রীড়া অবকাঠামো নিয়ে বাসস থেকে সংবাদ প্রচারের মাধ্যমে দেশের তরুন সমাজকে উদ্বুদ্ধ করার লক্ষ্যে বাসস থেকে নিয়মিত সংবাদ প্রচার করা হচ্ছে। | |

| ক্রমিক | বাস্তবায়িত কার্যক্রমের নাম | কার্যক্রম গ্রহণের তারিখ | বাস্তবায়িত কার্যক্রমের সংখ্যা | বাস্তবায়িত কার্যক্রমের বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০৬. | ফ্যাসিস্ট সরকারের আমলে জেলা পর্যায়ে নিয়োজিত চিহ্নিত দলীয় সাংবাদিকদের স্থলে পেশাদার সাংবাদিকদের নিয়োগদান | ২৮ আগস্ট ২০২৪ | ১টি | নতুন ব্যবস্থাপনা দায়িত্ব নেওয়ার পর ফ্যাসিস্ট সরকারের আমলে জেলা পর্যায়ে নিয়োজিত চিহ্নিত দলীয় সাংবাদিকদের স্থলে পেশাদার সাংবাদিকদের নিয়োগদানের প্রক্রিয়া চলমান আছে। অদ্যাবধি **৬৯ জন** পেশাদার জেলা সাংবাদিক ও বিশ্ববিদ্যালয় প্রতিনিধি নিয়োগ দেয়া হয়েছে। | |
| ০৭. | পেশাদার স্টাফরিপোর্টার/সাবএডিটর নিয়োগ | ১৫ সেপ্টেম্বর ২০২৪ | ১টি | সংস্থার কাজকে গতিশীল করা, অনলাইন সেবার মান বৃদ্ধিসহ সামাজিক যোগাযোগ মাধ্যমে ইতিবাচক সংবাদ প্রচারের লক্ষ্যে **৮ জন** স্টাফরিপোর্টার/সাবএডিটর নিয়োগ দেয়া হয়েছে। | |
| ০৮. | বৈষম্য নিরসনের জন্য চাকুরিতে পুনর্বহাল | ০১ ডিসেম্বর ২০২৪ | ১টি | অন্যায়ভাবে রাজনৈতিক বিদ্বেষবশত চাকুরিচ্যুত করে বৈষম্য তৈরি করা হয়েছে এমন **৫ জন** সাংবাদিক, কর্মকর্তা/কর্মচারিকে বর্তমান অন্তর্বর্তীকালীন সরকার ক্ষমতায় আসার পর সৃষ্ট বৈষম্য নিরসনের জন্য চাকুরিতে পুনর্বহাল করা হয়েছে। | |
| ০৯. | অডিওভিজ্যুয়াল টেকনোলজি ব্যবহারের মাধ্যমে বাসস'র সাংবাদিকদের সক্ষমতা বৃদ্ধি করা এবং অডিওভিজ্যুয়াল সংবাদ প্রচার | ২৯ সেপ্টেম্বর ২০২৪ | ১টি | অডিওভিজ্যুয়াল টেকনোলজি ব্যবহারের মাধ্যমে বাসস'র সাংবাদিকদের সক্ষমতা বৃদ্ধি করা এবং অডিওভিজ্যুয়াল সংবাদ প্রচার ব্যবস্থা অব্যহত রাখার লক্ষ্যে সংস্থায় অডিওভিজ্যুয়াল সংবাদ প্রচারের ব্যবস্থা গ্রহণে প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে। | |
| ১০. | **'স্মৃতির মিনার: গণঅভ্যুত্থান ২০২৪'** শীর্ষক একটি স্মরণ সভার আয়োজন | ৩০ নভেম্বর ২০২৪ | ১টি | জাতীয় বার্তা সংস্থা বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস) অন্তর্বর্তীকালীন সরকারের একশ' দিনের কর্মসূচির আওতায় বৈষম্য বিরোধী আন্দোলনে শহীদ ছাত্র জনতার প্রতি শ্রদ্ধা জ্ঞাপনের জন্য বাসস'র ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদকের সভাপতিত্বে গত ৩০ নভেম্বর ২০২৪ তারিখ শনিবার বিকাল ৫:০০ টায় জাতীয় প্রেস ক্লাবের সেমিনার কক্ষে **'স্মৃতির মিনার: গণঅভ্যুত্থান ২০২৪'** শীর্ষক একটি স্মরণ সভার আয়োজন করা হয়েছে। | |
| ১১. | জুলাই গণ-অভ্যুত্থানের শহিদদের নিয়ে বাসস থেকে প্রকাশিত প্রতিবেদনগুলো বাছাই করে ইংরেজি ও বাংলা ভাষায় দুটি গ্রন্থ প্রকাশ | ১৯ জুন ২০২৫ | ১টি | জুলাই গণ-অভ্যুত্থানের শহিদদের নিয়ে বাসস থেকে প্রকাশিত প্রতিবেদনগুলো বাছাই করে ইংরেজি ও বাংলা ভাষায় **দুটি গ্রন্থ প্রকাশের কাজ চলমান রয়েছে।** | |

**মাহবুব মোর্শেদ**
ব্যবস্থাপনা পরিচালক ও
প্রধান সম্পাদক